



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস-রিলিজ

তারিখ : ২২/১১/২০১৮ খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা ২৩ ও ২৪ নভেম্বর

২০১৮-১৯ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষের ভর্তি পরীক্ষায়
আবেদনকারী ২৮,৪০২ জন এবং প্রতি আসনের বিপরীতে প্রতিযোগি প্রায় ২০ জন

বরিশাল বিশ্ববিদ্যালয়ের অষ্টম (৮ম) ভর্তি পরীক্ষা ২৩ ও ২৪ নভেম্বর অনুষ্ঠিত হতে যাচ্ছে। চলতি ২০১৮-১৯ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষায় বিশ্ববিদ্যালয়ের ৬টি অনুষদের অধীন ২৪ টি বিভাগের ১,৪৪০টি আসনের বিপরীতে ২৮,৪০২ জন শিক্ষার্থী আবেদন করেছেন। প্রতিটি আসনের বিপরীতে প্রতিযোগি প্রায় ২০ জন। চলতি শিক্ষাবর্ষ হতে পূর্বের ২২ টি বিভাগের সাথে নতুন আরও ২টি বিভাগ ‘ইতিহাস এবং পরিসংখ্যান’ যুক্ত হয়েছে।

ভর্তি পরীক্ষার তারিখ, সময়, ইউনিট অনুযায়ী পরীক্ষার্থী সংখ্যা এবং কেন্দ্রসমূহ নিম্নরূপ:-

তারিখ ও বার	সময়	ইউনিট অনুযায়ী পরীক্ষার্থী সংখ্যা	কেন্দ্র সমূহ (বরিশাল বিশ্ববিদ্যালয়সহ কেন্দ্র সংখ্যা ০৮ টি)
২৩/১১/২০১৮ শুক্রবার	সকাল ১০:০০- ১১:০০ টা	‘খ’ ইউনিটে পরীক্ষার্থী ৫,৭৬৮ জন	২৩/১১/২০১৮ তারিখের “খ” ইউনিটের ভর্তি পরীক্ষা বরিশাল বিশ্ববিদ্যালয়সহ নগরীর সরকারি বরিশাল মডেল স্কুল এন্ড কলেজ ও বেগম তফাজ্জল হোসেন মানিক মিয়া কলেজ, বরিশাল কেন্দ্রে অনুষ্ঠিত হবে।
২৩/১১/২০১৮ শুক্রবার	বিকাল ৩:০০- ৪:০০ টা	‘গ’ ইউনিটে পরীক্ষার্থী ৪,২৭৭ জন	“গ” ইউনিটের ভর্তি পরীক্ষা বরিশাল বিশ্ববিদ্যালয়সহ নগরীর বরিশাল সরকারি মহিলা কলেজ কেন্দ্রে অনুষ্ঠিত হবে।
২৪/১১/২০১৮ শনিবার	সকাল ১১:০০- ১২:৩০ টা	‘ক’ ইউনিটে পরীক্ষার্থী ১২,০৫৭ জন	২৪/১১/২০১৮ তারিখের “ক” ইউনিটের ভর্তি পরীক্ষা বরিশাল বিশ্ববিদ্যালয়সহ বরিশাল নগরীর নিম্নোক্ত ৭টি কেন্দ্রে অনুষ্ঠিত হবে:- ১. সরকারি বরিশাল কলেজ, বরিশাল। ২. সরকারি মহিলা কলেজ, বরিশাল। ৩. আলেকান্দা সরকারি কলেজ, বরিশাল। ৪. বরিশাল সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, বরিশাল। ৫. অমৃত লাল দে মহাবিদ্যালয়, বরিশাল। ৬. বেগম তফাজ্জল হোসেন মানিক মিয়া কলেজ, বরিশাল। ৭. শহীদ আবদুর রব সেরনিয়াবাত সরকারি মাধ্যমিক বিদ্যালয়, বরিশাল।
		শাখা পরিবর্তনকারী পরীক্ষার্থী ৬,৩০০ জন	

বিঃদ্র:- বিগত বছরের ন্যায় চলতি বছরেও বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় ভূয়া পরীক্ষার্থী শনাক্তকরণ এবং সব ধরনের ইলেক্ট্রনিক ডিভাইসের ব্যবহার রোধকল্পে পরীক্ষার্থীদের মুখ ও কান অনাবৃত রাখার সিদ্ধান্ত যথারীতি বহাল থাকবে। এছাড়া ভর্তি পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের প্রবেশপত্রে (ডাউনলোডকৃত) পরীক্ষার হলে প্রবেশ এবং পরীক্ষার শৃঙ্খলা সংক্রান্ত বিস্তারিত তথ্য সন্নিবেশিত হয়েছে। অনুগ্রহপূর্বক এ সংক্রান্ত নির্দেশনা মেনে পরীক্ষার্থীদের পরীক্ষার হলে প্রবেশ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। ভর্তি পরীক্ষার আসন বিন্যাসসহ যাবতীয় তথ্যাদি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (<http://admission.eis.bu.ac.bd>, www.barisaluniv.edu.bd এবং www.barisaluniv.ac.bd) পাওয়া যাবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস